

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীণ রোড, (পাছপথ) ঢাকা-১২০৫

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৫.২০-৩৭

তারিখঃ ২৫/১১/১৪২৭ বঙ্গাব্দঃ
১০/০৩/২০২১ খ্রিঃ


“দ গু রা দে শ”

জনাব রোমান মন্ডল (আইডি নং-৮৭০১১৭০০১), উর্দ্ধতন হিসাব সহকারী এর বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়ে আনীত অভিযোগে প্রধান প্রকৌশলী উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর এর স্মারক নং-তিস্তা/১এ-৩০/৫১৪৫(৫) তারিখঃ ১৫/০৬/২০২০ খ্রিঃ এর মাধ্যমে ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী জনাব রোমান মন্ডল (আইডি নং-৮৭০১১৭০০১), উর্দ্ধতন হিসাব সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর এর বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-৭৯-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০৯/২০২০ তারিখঃ ২৭/০৮/২০২০ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা প্রেরণ করা হয়। সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রবিধান ৫২ (২) (গ) মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-১০৮-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০৯/২০২০ তারিখঃ ২৮/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ সমূহ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত, অভিযোগনামা, আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে দাখিলকৃত জবাব ও আনুসংগিক রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ রোমান মন্ডল, দাপ্তরিক শৃংখলা ও দায়-দায়িত্বের বিষয়ে সে বরাবরই উদাসীন, দাপ্তরিক শৃংখলা ও দায়-দায়িত্বের প্রতি উদাসীনতার ধারাবাহিকতায় সে বিভিন্ন সময় বিনা অনুমতিতে দপ্তরে অনুপস্থিত থেকেছে যা তার চিরাচরিত অভ্যাসে পরিণত হয়েছেন। অভিযোগনামায় উল্লিখিত উক্ত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় অর্থাৎ তিনি দোষী সাব্যস্ত হওয়ায় জনাব মোঃ রোমান মন্ডল, উর্দ্ধতন হিসাব সহকারী, প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর এর বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১) (ক) (উ) মোতাবেক তাঁর বেতন তাঁর সংশ্লিষ্ট বেতন স্কেলের ১(এক) ধাপ নিম্নে অবনমিতকরণ (drop off to a lower stage in the concern pay scale) দণ্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ রোমান মন্ডল, উর্দ্ধতন হিসাব সহকারী, প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(ক) (উ) মোতাবেক তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের ০১(এক) ধাপ নিম্নে অবনমিত করণ (drop off to a lower stage in the concern pay scale) দণ্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রহিয়াছে।


(আব্দুল খালেক)

পরিচালক

পরিচিতি নম্বর-৬৩০১২০০০১

অঃ পঃ দ্রঃ

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৫.২০-৩৭(১০)

তারিখঃ ২৫/১১/১৪২৭ বঙ্গাব্দঃ
১০/০৩/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর। জনাব রোমান মন্ডল (আইডি নং-৮৭০১১৭০০১), উর্দ্ধতন হিসাব সহকারী অনানুমদিত অনুপস্থিত দিন সমূহ বিধি মোতাবেক ছুটি মঞ্জুরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১/২, বাপাউবো, রংপুর।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশে উল্লেখিত দন্ড কার্যকর করতঃ অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৬. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. নির্বাহী প্রকৌশলী, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর।
৮. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রংপুর। দপ্তরাদেশে উল্লেখিত দন্ড কার্যকর করতঃ অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৯. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
১০. জনাব মোঃ রোমান মন্ডল, উর্দ্ধতন হিসাব সহকারী, প্রধান প্রকৌশলীর দপ্তর, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।

ডায়েরী নং ২৭১১
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৬
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
নং ২৭০৭/২০
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

তারিখঃ ২৩/৩/২২
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
পক্ষে পেশ করুন
স্বাক্ষর রাখুন
তারিখ পত্র দিন

(ফজলুল করিম)
২৩/৩/২২

উপপরিচালক

পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১

টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২২৩০০৭৯